

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচন উপাচার্যবিরোধী শিক্ষক ফোরামের নিরঙ্কুশ জয়

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি •
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির নির্বাচনে উপাচার্য আনোয়ার হোসেনের বিরুদ্ধে আন্দোলনকারী আওয়ামী লীগ ও বিএনপিপন্থী শিক্ষকদের সমন্বয়ে গঠিত সাধারণ শিক্ষক ফোরাম নিরঙ্কুশ জয় পেয়েছে। গতকাল বুধবার অনুষ্ঠিত নির্বাচনে ১৫টি পদের মধ্যে সব কটি পদেই আন্দোলনকারীরা জয়ী হন।

নির্বাচনে সাধারণ শিক্ষক ফোরামের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করে 'মুক্তিদুক ও প্রগতিবাদী চেতনায় বিশ্বাসী ছোট ও বড় শিক্ষক' নামে আওয়ামী লীগপন্থী ও বড় শিক্ষকদের একটি দল। নির্বাচনে সভাপতি ও কোষাধ্যক্ষ পদসহ নয়টি পদ পেয়েছে সাধারণ শিক্ষক ফোরামের আওয়ামী লীগ অংশ। সহসভাপতি, সাধারণ

সম্পাদক, যুগ্ম সম্পাদকসহ ছয়টি পদ পেয়েছে ফোরামের বিএনপিপন্থী অংশ। গতকাল সকাল নয়টা থেকে বেলা একটা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক কর্মকর্তা দ্বাৰে ভোট নেওয়া হয়। ৪৬৭ জন ভোটারের মধ্যে ৪৪২ জন ভোট দেন। বিকেল সাড়ে পাঁচটার দিকে নির্বাচন কমিশনার অধ্যাপক মো. আকতার মাহমুদ ফল ঘোষণা করেন। পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ফরিদ আহমদ ২৬৪ ভোট পেয়ে সভাপতি ও মর্শন বিভাগের অধ্যাপক মুহাম্মদ কামরুল আহসান ২৩৯ ভোট পেয়ে সাধারণ সম্পাদক পদে জয়ী হন। গণিত বিভাগের অধ্যাপক ফারুক আহমেদ ২৮২ ভোট পেয়ে সহসভাপতি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক আবু সাঈদ মো. মোস্তাফিজুর রহমান ২৬৫ ভোট পেয়ে যুগ্ম

সম্পাদক ও রসায়ন বিভাগের অধ্যাপক কৌশিক সাহা ২৫৮ ভোট পেয়ে কোষাধ্যক্ষ পদে জয়ী হন। নির্বাচনী সদস্য পদে বিজয়ী হন রসায়ন বিভাগের অধ্যাপক মাহবুব কবির, পরিসংখ্যান বিভাগের অধ্যাপক অজিত কুমার মঞ্জুমদার, ভূগোল ও পরিবেশ বিভাগের অধ্যাপক মো. শাহেদুর রশিদ, ভূগোল ও পরিবেশ বিভাগের সহযোগী অধ্যাপক মো. নূরুল ইসলাম, নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের অধ্যাপক মো. লুৎফর রহমান, প্রাণীবিদ্যা বিভাগের সহযোগী অধ্যাপক কবিরুল বাশার, নৃবিজ্ঞান বিভাগের অধ্যাপক ফারজানা ইসলাম, উদ্ভিদবিদ্যা বিভাগের অধ্যাপক হালেদ আহাম্মদ খান, ইতিহাস বিভাগের সহকারী অধ্যাপক মাসুদা পারভীন ও আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের সহকারী অধ্যাপক মো. বাসিম কুদ্দুস।